# বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন

আইসিটি বিভাগ, বিসিআইসি, ঢাকা।

**বিষয়ঃ ইনোভেশন টিম/কমিটির মাসিক নিয়মিত ১৮ তম (২০২০-২১ অর্থ বছরের ১ম) সভার কার্যবিবরণী।**

জুলাই ০৯, ২০২০ তারিখ বৃহস্পতিবার ৯:৩০ ঘটিকায় সংস্থার পরিচালক (অর্থ) ও পরিচালক (কারিগরি ও প্রকৌশল) (অতি.দা.) এবং ইনোভেশন অফিসার জনাব মোঃ বিল্লাল হোসেন এর সভাপতিত্বে বিসিআইসি এর ৫ম তলার কনফারেন্স রুমে ইনোভেশন টিম/কমিটির নিয়মিত সভা ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ইনোভেশন টিম/কমিটির সদস্য/কর্মকর্তাদের নামের তালিকা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) নিম্নরূপ:

| ক্রম | নাম | পদবী |
|---|---|---|
| ১ | জনাব মোঃ শাহীন কামাল | পরিচালক (উৎপাদন ও গবেষণা) ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ২ | জনাব মোঃ ছাকী হোসেন | কর্মচারী প্রধান ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি |
| ৩ | জনাব শ্যামলেন্দু দত্ত | মহাব্যবস্থাপক, পরিকল্পনা বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৪ | জনাব মোঃ গোলাম ফারুক | হিসাব নিয়ন্ত্রক ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৫ | মীর মনির হোসেন | মহাব্যবস্থাপক, পিআইডি ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৬ | মিসেস কামরুন নাহার আহমেদ | মহাব্যবস্থাপক, আরপিডি ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৭ | জনাব এ বি এম ফেরদৌস | মহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ ও সদস্য-সচিব, ইনোভেশন টিম বিসিআইসি। |

২.০ সভার শুরুতে সভাপতি মহোদয় ইনোভেশন টিমের সকল সম্মানিত কর্মকর্তা/টিমের সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে তিনি "বিসিআইসি'র বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন ছক ২০১৯-২০" এর ১৬.৩ এ বর্ণিত "বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বার্ষিক স্ব- মূল্যায়ন" এর তথ্য উপাত্ত উপস্থাপন করার জন্য মহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধান, আইসিটি-কে অনুরোধ করেন।

৩.০ সভায় এ পর্যায়ে বিগত ২৮ জুন ২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী উপস্থাপন করলে তাতে কারো কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনী না থাকায় সর্বসম্মতক্রমে তা গৃহীত হয়।

৪.০. আলোচনাঃ

৪.১) ইনোভেশন কমিটির সদস্য সচিব ও বিভাগীয় প্রধান আইসিটি জানান যে, "বিসিআইসি'র বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন ছক ২০১৯-২০" এ উল্লিখিত ১৬.৩ এর বর্ণনানুযায়ী ১৫-৭-২০২০ তারিখের মধ্যে "বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বার্ষিক স্ব- মূল্যায়ন" করার বাধ্যবাধকতা রয়েছে। তাছাড়া "বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বার্ষিক স্ব- মূল্যায়ন" পূর্বক অনুমোদনক্রমে ২০-০৭-২০২০ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করলে বিসিআইসি এর অনুকূলে পূর্ণ সূচক অর্জিত হবে। এরপর ইনোভেশন কমিটির সদস্য সচিব ও বিভাগীয় প্রধান আইসিটি বিভাগ "বিসিআইসি'র বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন ছক ২০১৯-২০" এর ১৬.৩ এ বর্ণিত "বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বার্ষিক স্ব- মূল্যায়ন" তথ্য উপাত্ত উপস্থিত সদস্যগণের নিকট নিম্নোক্তভাবে উপস্থাপন করেন।

**২০১৯-২০ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা**

| ক্রম | বিষয় | কার্যক্রম | বাস্তবায়ন অগ্রগতি | |
|---|---|---|---|---|
| | | | ২০১৮-২০১৯ অর্থ বছর | ২০১৯-২০২০ অর্থ বছর |
| ১. | উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়নের অগ্রগতি | উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়নের অগ্রগতি (%) | ৫০% | ৮২.১৪% |
| ২. | উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন (২০১৯-২০২০ অর্থ বছরের) | ২.১ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন করা (তারিখ উল্লেখ করুন) | ৩১/০৭/২০১৮ | ৩০-০৬-২০১৯ |
| | | ২.২ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ (তারিখ উল্লেখ করুন) | ২৭/০৯/২০১৮ | ৩০-০৬-২০১৯ |
| | | ২.৩ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা স্বীয় ওয়েবসাইটে প্রকাশ করা (তারিখ উল্লেখ করুন) | ৩১/০৭/২০১৮ | ৩০-০৬-২০১৯ |
| ৩. | ইনোভেশন টিমের সভা | ৩.১ ইনোভেশন টিমের সভা আয়োজন (কয়টি) | ১০০% | ১০০% |
| | | ৩.২ ইনোভেশন টিমের সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি হার (%) | ৮০% | ৯০% |
| ৪. | নাগরিক সেবায় উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধি | ৪.১ এক দিনের ওরিয়েনটেশন/কর্মশালা/সেমিনার আয়োজন/পরিকল্পনা (কয়টি) | ১০০% | ১০০% |
| | | ৪.২ উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২ দিনের প্রশিক্ষণ আয়োজন অগ্রগতি/পরিকল্পনা (কত জন কর্মকর্তা) | ১০০% | ১০০% |
| | | ৪.৩ উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০৫ দিনের নাগরিক সেবায় উদ্ভাবন প্রশিক্ষণ আয়োজন (কত জন কর্মকর্তা) | ১০০% | ১০০% |
| | | ৪.৪ উদ্ভাবন কার্যক্রমের সংগে সম্পৃক্ত কর্মকর্তাগণের বিদেশে শিক্ষা সফর অগ্রগতি (কর্মকর্তার সংখ্যা/পরিকল্পনা) | প্রেরণ করা সম্ভব হয়নি। | প্রেরণ করা সম্ভব হয়নি। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫. | উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং | ৫.১ নূন্যতম ০২টি উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়নের অগ্রগতি/পরিকল্পনা (%) | ১০০% | ১০০% |
| | | ৫.২ মাঠ পর্যায়ে চলমান উদ্ভাবনী উদ্যোগসমূহ সরেজমিন পরিদর্শন ও প্রয়োজনীয় সহায়তা প্রদান অগ্রগতি/পরিকল্পনা | ১০০% | ১০০% |
| | | ৫.৩ আওতাধীন দপ্তর সংস্থার পাইলটিং প্রকল্পের তালিকা তৈরি ও ওয়েবসাইটে প্রকাশ অগ্রগতি (হ্যাঁ/না) | ১০০% | ১০০% |
| ৬. | ইনোভেশন শোকেসিং/ সার্কেল | ৬.১ ইনোভেশন শোকেসিং/সার্কেল আয়োজন অগ্রগতি/পরিকল্পনা (তারিখ) | হয়নি। | হয়নি |
| | | ৬.২ শোকেসিং-এর মাধ্যমে রেপ্লিকেশনযোগ্য উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন অগ্রগতি/পরিকল্পনা (তারিখ) | হয়নি। | হয়নি |
| ৭. | উদ্ভাবনী উদ্যোগ আঞ্চলিক (রেপ্লিকেশন) ও জাতীয় (স্কেলআপ) পর্যায়ে বাস্তবায়ন | ৭.১ উদ্ভাবনী উদ্যোগ আঞ্চলিক/জাতীয় পর্যায়ে বাস্তবায়িত অগ্রগতি/পরিকল্পনা | ১০০% | ১০০% |
| | | ৭.২ বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন (ওয়ান মিনিট ভিডিও) ও প্রকাশনা তৈরির অগ্রগতি/পরিকল্পনা | করা হয়েছে। | হয়নি। |
| ৮. | ইনোভেশন মেন্টরিং | ৮.১ মেন্টর-মেন্টি নির্বাচন ও তালিকা প্রস্তুতকরণের অগ্রগতি/পরিকল্পনা | প্রস্তুতকরণের কাজ ৬০% সম্পন্ন হয়েছে | ১০০% |
| | | ৮.২ দুই দিনের মেন্টরিং কর্মশালা আয়োজন অগ্রগতি/পরিকল্পনা | করা হয়নি। | ১০০% |
| | | ৮.৩ কতজন কর্মকর্তা উদ্ভাবককে সহায়তা করার জন্য সক্রিয়ভাবে মেন্টরিং কার্যক্রমে যুক্ত আছেন? | ৪০ জন | ৪০ জন |
| | | ৮.৪ মেন্টরিং কার্যক্রম (মেন্টর ও মেন্টিদের) কিভাবে ফলোআপ করা হচ্ছে? | টেলিফোনিক যোগাযোগের মাধ্যমে ও পত্র প্রেরণ করে। | টেলিফোনিক যোগাযোগের মাধ্যমে ও পত্র প্রেরণ করে। |
| ৯. | স্বীকৃতি বা প্রণোদনা প্রদান | ৯.১ উদ্ভাবকদের প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/ সনদপত্র/ ক্রেস্ট/পুরস্কার প্রদান (কতজন) | ০৪ জনকে সনদ প্রদান করা হয়েছে। | ০৪ জনকে সনদ প্রদান করা হয়েছে। |
| | | ৯.২ উদ্ভাবকগণের দেশে শিক্ষা সফর/ প্রশিক্ষণ/ নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ (অগ্রগতি/ পরিকল্পনা) | ১০০% | ১০০% |
| | | ৯.৩ উদ্ভাবকগণের বিদেশে শিক্ষা সফর/ প্রশিক্ষণ/ নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ (অগ্রগতি/ পরিকল্পনা) | প্রেরণ করা হয়নি। | হয়নি |
| ১০. | ইনোভেশন ফান্ড বরাদ্দ | ১০.১ ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে জন্য প্রাপ্ত বাজেট (টাকায়) | ২০ লক্ষ টাকা। | ৫০ লক্ষ টাকা। |
| | | ১০.২ ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে বরাদ্দকৃত অর্থ ব্যয় (%) | ১৩.৯৩% | ১৮% |
| ১১. | আওতাধীন অধিদপ্তর/ দপ্তর সংস্থার ইনোভেশন কার্যক্রম পরিবীক্ষণ | ১১.১ আওতাধীন দপ্তর/সংস্থার উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন কার্যক্রম পরিবীক্ষণ (অগ্রগতি) | ১০০% | ১০০% |
| | | ১১. সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন পরিবীক্ষণ (অগ্রগতি) | ১০০% | ১০০% |
| ১২. | ইনোভেশন-সংক্রান্ত তথ্য হালনাগাদকরণ | ১২.১ ওয়েবসাইটে ইনোভেশন কর্নারের সকল তথ্য হালনাগাদকরণের অগ্রগতি | ১০০% | ১০০% |

উপস্থাপিত "বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বার্ষিক স্ব- মূল্যায়ন" এর খসড়া যাচায়ান্তে সর্বসম্মতিক্রমে চূড়ান্তকরণ করা হয়। পরবর্তীতে ইনোভেশন কমিটি কর্তৃক ০৯ জুলাই ২০২০ তারিখের সভায় সর্ব সম্মতিক্রমে প্রণীত "বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বার্ষিক স্ব- মূল্যায়ন" প্রতিবেদন বিসিআইসি এর চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ অনুযায়ী নির্ধারিত তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের নিমিত্ত শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য উপস্থিত সকলে ঐকমত্য পোষণ করেন।

৪.২) ইনোভেশন কমিটির সদস্য সচিব ও বিভাগীয় প্রধান আইসিটি বিভাগ আরও বলেন যে, "বিসিআইসি'র বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন ছক ২০১৯-২০" বাস্তবায়নে অনেকগুলি চ্যালেঞ্জ রয়েছে যেমন: কর্মপরিকল্পনার ক্রমিক ৬ এ উল্লিখিত "ইনোভেশন শোকেসিং"। "ইনোভেশন শোকেসিং" শিল্প মন্ত্রণালয়ের সাথে সম্মিলিতভাবে আয়োজনের কথা থাকলেও কোভিড-১৯ এর কারণে ২০১৯-২০ অর্থ বছরে বাস্তবায়ন করা সম্ভব হয়নি। চলতি ২০২০-২১ অর্থ বছর থেকে নিজেদের উদ্যোগে "ইনোভেশন শোকেসিং" আয়োজনের বিষয়টি বিবেচনার জন্য উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করলে উপস্থিত সকলে নিজেদের উদ্যোগে "ইনোভেশন শোকেসিং" আয়োজনের মাধ্যমে বাস্তবায়নের বিষয়ে ঐকমত্য পোষণ করেন।

৪.৩) পরিচালক (উৎপাদন ও গবেষণা) ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি জনাব মোঃ শাহীন কামাল জানান যে, "বিসিআইসি'র বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন ছক ২০১৯-২০২০" এর ক্রমিক ৩.৪ এ উল্লিখিত "উদ্ভাবন কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত কর্মকর্তাগণের বিদেশে শিক্ষা সফর" এর বিষয়টি অদ্যাবধি বাস্তবায়ন করা যায়নি এটি একটি চ্যালেঞ্জ। চলতি ২০২০-২১ অর্থ বছর থেকে চ্যালেঞ্জ যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। এ বিষয়ে বিসিআইসি'র কর্মচারী প্রধান মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করে উদ্ভাবন কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত কর্মকর্তাগণের বিদেশে শিক্ষা সফর বিষয়ে উদ্যোগ গ্রহণের অনুরোধ জানান।

৪.৪) সভার সভাপতি ও ইনোভেশন অফিসার জনাব মোঃ বিল্লাল হোসেন বলেন যে, "উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহবান এবং প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলো যাচাই-বাছাইপূর্বক তালিকা প্রকাশ" এর বিষয়ে "বিসিআইসি'র বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন ছক ২০২০-২০২১" এর ক্রমিক ৪.১ এ উল্লেখ রয়েছে। আগামী ৩১-০৮-২০২০ এর মধ্যে উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহবান এবং প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলো যাচাই-বাছাইপূর্বক তালিকা প্রকাশ করলে সংশ্লিষ্ট ক্ষেত্রে বিসিআইসি'র অনুকূলে পূর্ণসূচক অর্জন করা সম্ভব হবে। কর্মকর্তা-কর্মচারীগণকে উদ্ভাবনী ধারণা প্রদানে উদ্বুদ্ধকরণের লক্ষ্যে সুফল ও পুরস্কার বিষয়ক উপস্থাপনা দিয়ে উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহবানের পত্র বিসিআইসি প্রধান কার্যালয় ও বিসিআইসি নিয়ন্ত্রণাধীন সকল কারখানা/প্রতিষ্ঠান/প্রকল্পে প্রেরণ করা যেতে পারে। এছাড়া কর্মপরিকল্পনার ক্রমিক ১৫.১ এ "আওতাধীন অধিদপ্তর/ দপ্তর সংস্থার ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন কার্যক্রম পরিবীক্ষণ" এর বিষয়ে উল্লেখ রয়েছে বিধায় বিসিআইসি নিয়ন্ত্রণাধীন সকল কারখানা/প্রতিষ্ঠান-কে বিসিআইসি প্রধান কার্যালয়ের অনুরূপ ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়নের অনুরোধ করে পত্র প্রেরণ করা যেতে পারে। উভয় বিষয়ে উপস্থিত সকলে ঐকমত্য পোষণ করেন।

৪.৫) ইনোভেশন কমিটির সদস্য সচিব ও বিভাগীয় প্রধান আইসিটি বিভাগ জানান যে, জুলাই এর প্রথম সপ্তাহ বা সুবিধাজনক সময়ে ২০২০-২১ অর্থ বছরের ইনোভেশন কর্মপরিকল্পনার ৩.৩ এর বর্ণনা অনুযায়ী ০৫ দিনের প্রশিক্ষণ আয়োজন এর বিষয়ে বিসিআইসি এর চেয়ারম্যান মহোদয়ের অনুমোদন এবং ইনোভেশন কমিটির সিদ্ধান্ত (২৮ জুন ২০২০ তারিখে অনুষ্ঠিত ৭ম সভার ৫.৪ নং) রয়েছে। অনুমোদন ও সিদ্ধান্ত অনুযায়ী প্রশিক্ষণ আয়োজনের জন্য নথি উপস্থাপনের অনুমতি চাওয়া হলে সভায় উপস্থিত সকলে ঐকমত্য পোষণ করেন। এ বিষয়ে পরিচালক (উৎপাদন ও গবেষণা) ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি জনাব মোঃ শাহীন কামাল বলেন যে, প্রতিদিন ২০ জনের স্থলে ১৫ জন করে প্রশিক্ষণার্থী উপস্থিত রাখা যেতে পারে এবং সে মোতাবেক দপ্তরাদেশ জারি করা যেতে পারে। তিনি আরও বলেন যে, "বিসিআইসি'র বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন ছক ২০২০-২০২১" শতভাগ বাস্তবায়নে আমরা সচেষ্ট থাকবো। এ বিষয়ে সময়ে সময়ে যাবতীয় নথি আইসিটি বিভাগ থেকে উপস্থান করা যেতে পারে। এ বিষয়ে উপস্থিত সকলে ঐকমত্য পোষণ করেন।

৫. <u>সভার সিদ্ধান্তসমূহ:</u>

৫.১) ইনোভেশন কমিটি কর্তৃক ০৯ জুলাই ২০২০ তারিখের সভায় এই কার্যবিবরণীর ৪.১ আলোচনায় উপস্থাপিত এবং সর্ব সম্মতিক্রমে পরিশিষ্ট (ক) এ সংযুক্ত দুই পাতায় প্রণীত "বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বার্ষিক স্ব- মূল্যায়ন" প্রতিবেদন বিসিআইসি এর চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ অনুযায়ী ১৫-০৭-২০২০ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের নিমিত্ত শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করার সুপারিশ করা গেল।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.২) চলতি ২০২০-২১ অর্থ বছর থেকে নিজেদের উদ্যোগে "ইনোভেশন শোকেসিং" আয়োজনের মাধ্যমে বাস্তবায়নপূর্বক বিসিআইসি'র অনুকূলে পূর্ণসূচক অর্জনে সচেষ্ট হতে হবে।

বাস্তবায়নে: মহাব্যবস্থাপক, আরপিডি, বিসিআইসি।

৫.৩) "বিসিআইসি'র বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন ছক ২০২০-২০২১" এর ক্রমিক ৩.৪ এ উল্লিখিত "উদ্ভাবন কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত কর্মকর্তাগণের বিদেশে শিক্ষা সফর" বাস্তবায়নের জন্য কর্মচারী বিভাগ সর্বাত্মক চেষ্টা গ্রহণ করবে।

বাস্তবায়নে: কর্মচারী প্রধান বিসিআইসি।

৫.৪) "বিসিআইসি'র বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন ছক ২০২০-২০২১" এর ক্রমিক ৪.১ এ বর্ণিত "উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহবান এবং প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলো যাচাই-বাছাইপূর্বক তালিকা প্রকাশ" এর লক্ষ্যে অবিলম্বে বিসিআইসি প্রধান কার্যালয় সহ নিয়ন্ত্রণাধীন সকল কারখানা/প্রতিষ্ঠান/প্রকল্পে পত্র ইস্যু করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৫) "বিসিআইসি'র বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন ছক ২০২০-২০২১" এর ক্রমিক ১৫.১ এ বর্ণিত "আওতাধীন অধিদপ্তর/ দপ্তর সংস্থার ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন কার্যক্রম পরিবীক্ষণ" বাস্তবায়নের লক্ষ্যে বিসিআইসি নিয়ন্ত্রণাধীন সকল কারখানা ও প্রতিষ্ঠানে পত্র প্রেরণ করে যথাযথভাবে মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৬) জুলাই ২০২০ এর মধ্যে সুবিধাজনক সময়ে ২০২০-২১ অর্থ বছরের ইনোভেশন কর্মপরিকল্পনার ৩.৩ এর বর্ণনা অনুযায়ী ০৫ দিনের প্রশিক্ষণ আয়োজন এর বিষয়ে বিসিআইসি এর চেয়ারম্যান মহোদয়ের অনুমোদন এবং ইনোভেশন কমিটির সিদ্ধান্ত (২৮ জুন ২০২০

তারিখে অনুষ্ঠিত ৭ম সভার ৫.৪ নং) অনুযায়ী নথি উপস্থাপন করতে হবে। প্রশিক্ষণে প্রতিদিন ১৫ জন প্রশিক্ষণার্থী যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণে অংশগ্রহণ করবে। পূর্বের অনুরূপ বিভাগীয় চাহিদার দিকে লক্ষ্য রেখে দপ্তরাদেশ জারি করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬/৭/২০২০

(মোঃ বিল্লাল হোসেন)
পরিচালক (অর্থ)
ও
পরিচালক (কারিগরি ও প্রকৌশল) (অতি: দা:)
এবং
ইনোভেশন অফিসার, বিসিআইসি।